শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব বর্ষ 100

ISO 9001:2015

# চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

বাবুরহাট, চাঁদপুর

যোগাযোগ:
০৮৪১-৬৫১১১ (অফিস)
ইমেইল: chandpurpbs2@gmail.com
ওয়েব: pbs2.chandpur.gov.bd

স্মারক নং-২৭.১২.১৩২২.৫৭৮.০৭.০২৩.২৩. ৪৫৬২ তারিখ : ২২ জ্যৈষ্ঠ ১৪৩০ / ০৫ জুন ২০২৩ খ্রিঃ

## বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয় : তালিকাভুক্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের স্থায়ী পূর্বযোগ্যতা নবায়ন বিজ্ঞপ্তি।

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর তালিকাভুক্ত ও লাইন নির্মান কাজে স্থায়ী পূর্বযোগ্যতা প্রাপ্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে ২০২৩-২০২৪ অর্থ বৎসরে স্বল্প দৈর্ঘ্যের বৈদ্যুতিক লাইন নির্মাণ (ক্ষুদ্র সম্প্রসারণ ও রক্ষনাবেক্ষণ/আপগ্রেডেশন, ১০০-৪১/৪২) কাজের নিমিত্তে পূর্ব যোগ্যতা নবায়নের জন্য পবিস নির্দেশিকা ১০০-৫২ অনুযায়ী নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সমিতির নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলী:

০১। প্রতিষ্ঠানের নিজস্বলেটার হেড প্যাডে দরখাস্তের মাধ্যমে চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে ৫৭৫/- (পাঁচশত পঁচাত্তর টাকা মাত্র) নগদ জমা প্রদান (অফেরৎযোগ্য) স্বাপেক্ষে পূর্বযোগ্যতা নবায়নের জন্য নির্ধারিত আবেদন ফরম (বাপবিবোর্ড ফরম নং-১০০-৫২-০২, ভার্সন-১) চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর হতে সংগ্রহ পূর্বক আবেদন করতে হবে।

০২। পরপর তিন বছর নবায়নের জন্য আবেদন না করলে উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের পূর্বযোগ্যতা/তালিকাভুক্তি বাতিল বলে গন্য হবে।

০৩। নবায়নের আবেদন প্রত্রের সাথে পূর্বের অর্থ বছরে উক্ত প্রতিষ্ঠান যে সকল দরপত্রে অংশগ্রহণ করেছে (পবিস ওয়ারী) তার তালিকা উল্লেখ/সংযুক্ত করতে হবে, অন্যথায় আবেদনটি নবায়নের জন্য বিবেচিত হবে না।

০৪। আবেদন পত্রের সাথে বৈদ্যুতিক ঠিকাদারী প্রতিষ্ঠানের হালনাগাদ সকল লাইসেন্সের সত্যায়িত ফটোকপি, বৈদ্যুতিক ঠিকাদার এ.বি.সি লাইসেন্স এবং এ.বি.সি সুপারভাইজারী সার্টিফিকেটের হালনাগাদ সত্যায়িত ফটোকপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক) সংযুক্ত করতে হবে।

০৫। প্রতিষ্ঠানে নিয়োজিত সুপারভাইজার ও লাইনম্যানদের নাম, অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং অন্যান্য লোকবলের তালিকা, যন্ত্রপাতির তালিকা, যানবাহন তালিকা জমা প্রদান করতে হবে।

০৬। বিভিন্ন সময়ে বাপবিবো/পবিস কর্তৃক যে কোন ধরনের সিদ্ধান্ত/ নীতিমালা জারী করা হলে তা মানতে বাধ্য থাকবেন মর্মে প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

০৭। বৈদ্যুতিক লাইন নির্মাণ কাজের হালনাগাদ ট্রেড লাইসেন্স, চলতি অর্থ বছরের আয়কর ক্লিয়ারেন্স সার্টিফিকেট, ভ্যাট রেজিষ্টেশন সার্টিফিকেট, ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট ও অন্যান্য আনুষাঙ্গিক সনদ পত্রের সত্যায়িত ফটোকপি এবং নবায়ন ফরম ক্রয়ের রশিদ আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৮। প্রযোজ্য ক্ষেত্রে আবেদন পত্রের সাথে প্রতিষ্ঠানের এফিডেভিট এর সত্যায়িত ফটোকপি জমা প্রদান করতে হবে।

০৯। "আবেদন ফরম" প্রতিষ্ঠানের মালিক নিজ কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।

১০। আবেদন ফরম আগামী ১০-০৬-২০২৩খ্রিঃ তারিখ হতে ২২-০৬-২০২৩খ্রিঃ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সকাল ০৯:০০ ঘটিকা হতে বিকাল ০২:০০ ঘটিকা পর্যন্ত) চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ হতে সংগ্রহ করে জমা প্রদান করতে হবে।

১১। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ, ঘষামাজা/ওভাররাইটিং আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে এবং কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই যে কোন/সকল আবেদনপত্র বাতিল করার ক্ষমতা বা অধিকার সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।

১২। আবেদনকারী প্রতিষ্ঠান বর্তমানে যে সকল পল্লী বিদ্যুৎ সমিতিতে তালিকাভুক্ত আছে তার একটি তালিকা আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১৩। মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের কৃতকর্মের জন্য পবিসের ভাবমূর্তি ক্ষুন্ন হলে, প্রশিক্ষনপ্রাপ্ত সুপারভাইজার/লাইনম্যান অন্য কোন পবিসে তালিকাভুক্ত/কর্মরত থাকলে, কাজের গুনগত মান সন্তোষজনক না হলে, প্রয়োজনীয় যন্ত্রপাতি/যানবাহন না থাকলে এবং প্রয়োজনীয় সনদ/দলিলাদি হালনাগাদ না থাকলে উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকাভূক্তি বাতিল/ স্থগিত হবে।

১৪। নবায়ন ফি বাবদ (১৫%) ভ্যাটসহ ২৩০০/- (দুই হাজার তিনশত) টাকা এর ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে। তবে উল্লেখ্য যে, কোন ঠিকাদারী প্রতিষ্ঠান ২০২২-২০২৩ অর্থ-বছরে নবায়নের জন্য আবেদন না করে থাকলে উক্ত প্রতিষ্ঠানের জন্য (১৫%) ভ্যাটসহ ৪৬০০/- (চার হাজার ছয়শত) টাকা (অফেরতযোগ্য) এবং ২০২১-২০২২ অর্থ-বছরে নবায়নের জন্য আবেদন না করে থাকলে উক্ত প্রতিষ্ঠানের জন্য (১৫%) ভ্যাটসহ ৯২০০/- (নয় হাজার দুইশত) টাকা (অফেরতযোগ্য) নগদ জমা প্রদান করতে হবে।

১৫। পূর্বযোগ্যতা নির্ধারণ/নবায়নের পূর্বে কর্তৃপক্ষ কর্তৃক আবেদনকারী প্রতিষ্ঠানের প্রয়োজনীয় মুল কাজগপত্র, লোকবল এবং টুলসপত্র সরজমিনে পরিদর্শন ও পরীক্ষা করা হবে বিধায় আগামী ০৮-০৭-২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকার সময় নবায়ন মূল্যায়ন কমিটির নিকট দাখিলকৃত সকল দলিলাদির মূল কপি, ব্যবহৃত টুলস সরজমিনে পরিদর্শন এবং পরীক্ষা করা হবে।

১৬। পূর্ব যোগ্যতা স্থায়ীকরণ সংক্রান্ত প্রমাণ পত্র এবং ক্রমিক নং-০৪ এর কাগজ পত্র অবশ্যই আবেদনের সাথে সংযুক্ত করে জমা প্রদান করতে হবে। এ সমস্ত দলিলাদি ছাড়া কোনক্রমেই পূর্ব যোগ্যতা নবায়ন করা হবে না।

১৭। বাপবিবোর্ডের প্রশিক্ষণ কোর্সে উর্ত্তীণ সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের ০১ জন সুপারভাইজার ও ০১ জন লাইনম্যানকে নবায়নের সময় উপস্থিত থাকতে হবে।

১৮। বাপবিবোর্ডের প্রশিক্ষণপ্রাপ্ত অত্র পবিসে কর্মরত লোকবল অন্য কোন পবিসে কর্মরত নাই মর্মে অঙ্গিকারনামা নবায়ন ফরমের সাথে সংযুক্ত করতে হবে, অন্যথায় নবায়ন করা হবে না।

১৯। নির্ধারিত সময়সীমার পর কোন আবেদনপত্র বিক্রয়/গ্রহন করা হবে না। তাছাড়া অত্র বিজ্ঞপ্তির শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন পরিস্থিতির সৃষ্টি হলে সেক্ষেত্রে চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে। তাছাড়াও কোনরুপ কারণ দর্শনো ব্যাতিরেকেই কর্তৃপক্ষ আবেদন পত্র বাতিল করার অধিকার সংরক্ষন করেন।

২০। অত্র পবিস সহ ০৪ (চার) টির অধিক পবিসে মিনি ঠিকাদার হিসাবে তালিকাভুক্ত থাকলে অত্র পবিসে আবেদন করার প্রয়োজন নেই।

০৫/০৬/২৩

(দেব কুমার মালো)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ

০১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব), তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, কুমিল্লা জোন। | সদয় অবগতির জন্য
০২) নির্বাহী প্রকৌশলী, এসওডি, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বাপবিবো, চাঁদপুর।
০৩) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার (সকল পবিস)।
০৪) ডিজিএম, ফরিদগঞ্জ/কারিগরী (সদর দপ্তর)/মতলব দঃ/মতলব উঃ জোঃ/অঃ, চাঁদপুর পবিস-২।
০৫) এজিএম, ইএন্ডসি/ওএন্ডএম (সদর দপ্তর)/ফরিদগঞ্জ/মতলব দঃ/মতলব উঃ জোঃ/অঃ, কামতা, হাইমচর সাব জোঃ/অঃ, চাঁদপুর পবিস-২।
০৬) মেসার্স-----------------------------------------------------।
০৭) নোটিশ বোর্ড, চাঁদপুর পবিস-২।
০৮) অফিস কপি/মাষ্টার কপি।

০৫/০৬/২৩

(দেব কুমার মালো)
জেনারেল ম্যানেজার

E:\New Mini Contractor - CPBS-2\Nabayoun\Nabayan 2023 -2024\Nabayan Tender.doc-Mojibur JE